



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩



স্মারক নং-খুপ্রবি/সওপ্র/

তাং

বিজ্ঞপ্তি

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে উদ্ভূত পরিস্থিতিতে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের Online শিক্ষা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীদের মধ্যে সুদবিহীন ঋণের আওতায় Smartphone ক্রয়ের জন্য Softloan প্রদানের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নির্দেশনা প্রদান করেন। এলক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের স্নাতক কোর্সে শিক্ষার্থীদের Online ক্লাশে অংশগ্রহণের জন্য অসচ্ছল শিক্ষার্থীদের বিনাসুদে Softloan এর আওতায় Smartphone ক্রয়ে অর্থ প্রদানের জন্য অর্থ কমিটির ৪৪ তম জরুরী সভার সুপারিশক্রমে সিন্ডিকেটের ৭০ তম সভায় অনুমোদন করা হয়। এ প্রেক্ষিতে অত্র বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে শিক্ষার্থীদের আবেদন করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। উক্ত বিজ্ঞপ্তি মোতাবেক শিক্ষার্থীদের নিকট হতে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক যথাযথ যাচাই-বাছাই ও সুপারিশের প্রেক্ষিতে ১৫৭ জন শিক্ষার্থীর (অত্রসাথ সংযুক্ত) সংশ্লিষ্ট ব্যাংক এ্যাকাউন্টে শিক্ষার্থী প্রতি ১০,০০০ (দশ হাজার) / ৮,০০০ (আট হাজার) টাকা করে “শিক্ষার্থীদের Softloan তহবিল”, সঞ্চয়ী হিসাব নং ০১০০২১৬১২০২০০, জনতা ব্যাংক লিমিটেড, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখার মাধ্যমে প্রদান করা হয়। এফগে Smartphone ক্রয়ের জন্য Softloan গ্রহণকারী শিক্ষার্থীদের ঋণ প্রাপ্তির সম্মতিপত্রের শর্তানুসারে (অত্রসাথ সংযুক্ত) লোনের অর্থ আগামী ডিসেম্বর’২১ থেকে মাসিক কিস্তিতে অথবা এককালীন পরিশোধের জন্য নির্দেশ প্রদান করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

Arshad

২৫/১১/২০২১

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সংযুক্তিঃ (১) Softloan গ্রহণকারী শিক্ষার্থীদের ঋণ প্রাপ্তির সম্মতিপত্রের শর্ত।

(২) Softloan গ্রহণকারী শিক্ষার্থীদের নামের তালিকা।

স্মারক নং-খুপ্রবি/সওপ্র/ ০২৫৫/২০

তারিখঃ ০৫/১১/২১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সকল ডীন, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (সংশ্লিষ্ট বিভাগের শিক্ষার্থীকে অবহিতকরণের অনুরোধসহ)
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, Softloan অনুমোদন কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক (ছাত্র-কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সংশ্লিষ্ট হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। (সংশ্লিষ্ট হলের শিক্ষার্থীকে অবহিতকরণের অনুরোধসহ)
- ৬। চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র বিশ্ববিদ্যালয় (লোন গ্রহণের শর্তানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮। কম্পট্রোলার, অত্র বিশ্ববিদ্যালয় (লোন গ্রহণের শর্তানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯। ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা (লোন গ্রহণের শর্তানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০। পিএস টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয় (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)।
- ১১। নোটিশ বোর্ড (সংশ্লিষ্ট বিভাগ, সংশ্লিষ্ট হল, পরীক্ষা শাখা, শিক্ষা শাখা)
- ১২। সংরক্ষণ নথি।

Raviul

২৫/১১/২০২১

(মোঃ রবিউল ইসলাম)

সেকশন অফিসার (গ্রেড-২)

Smartphone ক্রয়ের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা গ্রহণকারীদের ঋণ প্রাপ্তির সম্মতিপত্রের শর্তাবলী

শিক্ষার্থীদেরকে গ্রহণকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকা কিস্তির মাধ্যমে পরিশোধ করতে হবে। COVID-19 প্রাদুর্ভাব শেষে শিক্ষার্থীরা ক্যাম্পাসে আসলে এবং পূর্ণাঙ্গরূপে ক্লাস শুরু হলে কিস্তি গ্রহণ শুরু হবে।

নিম্নবর্ণিত নিয়মানুযায়ী ঋণের কিস্তি পরিশোধ করতে হবেঃ

(ক) ১ম ও ২য় বর্ষের শিক্ষার্থীরা মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে ২০ (বিশ) কিস্তিতে, ৩য় বর্ষের শিক্ষার্থীরা মাসিক ১০০০/- (এক হাজার) টাকা হারে ১০ (দশ) কিস্তিতে এবং ৪র্থ বর্ষের শিক্ষার্থীরা মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা হারে ০৫ (পাঁচ) কিস্তিতে।

(খ) মাসিক কিস্তির টাকা জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখায় হিসাবের নামঃ শিক্ষার্থীদের সফটলোন তহবিল, কুয়েট এবং হিসাব নং- ০১০০২১৬১২০২০০ এ জমা দিতে হবে।

(গ) কিস্তি প্রদান শুরু হওয়ার পর পরবর্তী টার্মের কোর্স রেজিস্ট্রেশন করার সময় প্রত্যেক শিক্ষার্থীর কিস্তি প্রদান হালনাগাদ করার পর কোর্স রেজিস্ট্রেশনের অনুমোদন দেয়া হবে।

(ঘ) ঋণের টাকা পরিশোধ না হলে কোন শিক্ষার্থীর ৪র্থ বর্ষ ২য় টার্ম পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে না।

Smartphone ক্রয়ের জন্য ৮,০০০/- (আট হাজার) টাকা গ্রহণকারীদের ঋণ প্রাপ্তির সম্মতিপত্রের শর্তাবলী

শিক্ষার্থীদেরকে গ্রহণকৃত ৮,০০০/- (আট হাজার) টাকা কিস্তির মাধ্যমে পরিশোধ করতে হবে। COVID-19 প্রাদুর্ভাব শেষে শিক্ষার্থীরা ক্যাম্পাসে আসলে এবং পূর্ণাঙ্গরূপে ক্লাস শুরু হলে কিস্তি গ্রহণ শুরু হবে।

নিম্নবর্ণিত নিয়মানুযায়ী ঋণের কিস্তি পরিশোধ করতে হবেঃ

(ক) সুদ বিহীন এই ঋণের অর্থ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় খোলার পর কিংবা অধ্যয়নকালীন সময়ে ৪টি সমান কিস্তিতে অথবা এককালীন পরিশোধ করিতে হইবে।

(খ) মাসিক কিস্তির টাকা জনতা ব্যাংক লিঃ, কুয়েট কর্পোরেট শাখায় হিসাবের নামঃ শিক্ষার্থীদের সফটলোন তহবিল, কুয়েট এবং হিসাব নং- ০১০০২১৬১২০২০০ এ জমা দিতে হবে।

(গ) কিস্তি প্রদান শুরু হওয়ার পর পরবর্তী টার্মের কোর্স রেজিস্ট্রেশন করার সময় প্রত্যেক শিক্ষার্থীর কিস্তি প্রদান হালনাগাদ করার পর কোর্স রেজিস্ট্রেশনের অনুমোদন দেয়া হবে।

(ঘ) ঋণের সম্পূর্ণ অর্থ ফেরত না দেয়া পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট এবং সাময়িক/মূল সনদপত্র ইস্যু করা হবে না।





